জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

স্মারক নং-০৫ (১৮২)/জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএড/৯৯/অংশ-০৪/২০১৮/১০১১৬

তারিখ ঃ ০৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত বি এড পাঠদানকারী কলেজ/প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের বি এড (পুরাতন সিলেবাস) পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

১। আবেদন ফরম, বিবরণী ফরম, ফরম পূরণ ও জমাদান এবং ব্যাংক ড্রাফট করার তারিখ ঃ

ক)	পরীক্ষার্থীকে অন-লাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা ও শেষ তারিখ	০৩/১১/২০১৮ হতে ১২/১১/২০১৮
খ)	কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়ন করার শেষ তারিখ	১৩/১১/২০১৮
গ)	কলেজ কর্তৃক ফরমপূরণের ফি এর টাকা "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়ার তারিখ	১৪/১১/২০১৮ হতে ১৫/১১/২০১৮
ঘ)	ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের আবেদন ফরম, অন-লাইন বিবরণী, সোনালী সেবায় জমাকৃত ফি জমাদানের রশিদের কপি ও অন্যান্য কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ	২০/১১/২০১৮

বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে মোঃ মীর কাশেম উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, (প্রফেশনাল) শাখা জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুরে **হাতে হাতে জমা দিতে হবে** (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।**

২। বিএড কোর্স পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

১। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি)		২৮০০/-
২। অতিরিক্ত বিষয়ের জন্য		৩৫০/-
৩। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষা ফি		১৩০০/-
৪। মৌখিক পরীক্ষার ফি		৫০০/-
৩। কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবেনা) **		৫০০/-
৪। নম্বরপত্র ফি + সাময়িক সনদপত্র ফি	২০১৮ সালের পরীক্ষার্থী যারা ২০১৬ ও ২০১৭ সালে পরীক্ষায় ফরম পূরণ করেনি শুধুমাত্র তাদের এবং বিএমএড কোর্সের পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য।	৬০০/-

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের ২৫% পরিমান নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে অবশিষ্ট ৭৫% নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) রেজিস্টেশন কার্ডের মেয়াদ থাকা সাপেক্ষে শেষ বারের মত ২০১৮ সালে বিএড পুরাতন সিলেবাসের শিক্ষার্থীরা অংশ গ্রহণ করতে পারবে।

খ) শুধুমাত্র বিএমএড কোর্সের ২০১৭ সালের রেজিস্টেশনকৃত শিক্ষার্থীরা ফরম পূরন করতে পারবে।

গ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের বিএড পরীক্ষায় সকল বিষয় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারাই শুধুমাত্র ২০১৮ সালের পরীক্ষায় এক বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০১৮ সালের বিএড পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রয়োজনীয় সংখ্যক প্রশ্নপত্রের তালিকা প্রতিবেদন (বিষয় ভিত্তিক) আবেদন ফরম জমা দেয়ার সময় অবশ্যই জমা দিতে হবে। বিষয় ভিত্তিক তালিকা প্রতিবেদন জমা না দেয়া হলে ভবিষ্যতে প্রশ্নপত্র ও উত্তরপত্রের সংখ্যার গড়মিল হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজকেই বহন করতে হবে।

ঙ) যে সকল পরীক্ষার্থী শুধু মাত্র মৌখিক পরীক্ষায় অংশ গ্রহন করবে তাদেরকে এক বিষয়ের অকৃতকার্য ফি ও মৌখিক পরীক্ষার ফি প্রদান করতে হবে।

চ) ২০১৭ সালে যে সকল পরীক্ষার্থীরা এক বিষয়ে পরীক্ষা দিয়ে অনুতীর্ণ হয়েছে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।

৪। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বিএড কোর্সের পুরাতন রেগুলেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী উপরিউক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/prof/form Fill-up) এ গিয়ে **Apply to online form Fill-up (For Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

ঘ) যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ ০৬/১১/২০১৮ তারিখের মধ্যে জানাতে হবে এবং পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।

বিবরণী, ফি বিবরণী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

চ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয়, তবে তা সরবরাহ করতে হবে। (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর দুই বছর পর্যন্ত অধ্যক্ষ সংরক্ষন করবেন)

ছ) বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।

৭। বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী :

ক) বিবরণী ফরম অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকুলে ডিডি করার পরিবর্তে **"সোনালী সেবা"** এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd) এ Service মেনুতে গিয়ে সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং ফি জমার পর কলেজের Status paid হয়েছে কিনা নিজ দায়িত্বে যাচাই করতে হবে।

ঘ) Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) ব্যাংকে প্রচলিত অন্য কোন পদ্ধতিতে কোনক্রমেই ফি প্রদান করা যাবে না। **পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।** শুধুমাত্র সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। কলেজ রেকর্ড ও অনুশীলন পাঠদানন-২ নম্বর জমা দেয়ার নিয়মাবলী :

মোঃ মীর কাশেম উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল এর দপ্তরে বিবরণী ফরম জমা দেয়ার সময় ইনকোর্স নম্বরের প্রিন্ট কপি হাতে হাতে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

০৯। পরীক্ষা পরিচালনা:

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

> অনুশীলন পাঠ দান-১ ও মৌখিক পরীক্ষার নম্বর On-line-এ এন্ট্রি করতে হবে এবং
> এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত সময়সূচী পরবর্তীতে জানানো হবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ৯২৯১০১৭ (অফিস)

স্মারক নং-০৫ (১৮২)/জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিএড/৯৯/অংশ-০৪/২০১৮/১০১১৬

তারিখ : ০৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, আই সি টি ও কম্পিউটার ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএড পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।

(মোঃ মীর কাশেম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।